৬৭ 12

আজকের কাগজ

তারিখ 09 MAR 1993
পৃষ্ঠা ৬ কলাম ২

# বাঞ্ছারামপুরের একমাত্র পাঠাগারটি দায়িত্বহীনতার কারণে বন্ধ

কর্তৃপক্ষের দায়িত্বহীনতার কারণে অনেক ঢাকঢোল বাজিয়ে উদ্বোধন করা বাঞ্ছারামপুর থানার পাঠাগারটি এ' মাসের প্রথম দিকে বন্ধ হয়ে গেছে। থানার একমাত্র পাঠাগারটি সর্বস্তরের জনগণের জ্ঞানার্জনের ও অবসর বিনোদনের একমাত্র সম্বল ছিলো। এডিবির সহায়তায় চলে আসছিলো পাঠাগারটি। পাঠাগারটিতে ছিলো একজন লাইব্রেরীয়ান এবং লক্ষাধিক টাকার বই-পুস্তক। সাহায্যের টাকা ফুরিয়ে যাওয়ার কারণে পাঠাগারটি বন্ধ করে দেয়া হয়েছে বলে থানা নির্বাহী কর্মকর্তা জানান। কর্তৃপক্ষ যদি সময়মতো সরকারি সাহায্য কিংবা অন্য কোনো সংস্থার সাহায্য কামনা করতো তবে ঠিকই পাঠাগারটি চলতো বলে অনেকে অভিমত প্রকাশ করেন। অবিলম্বে পাঠাগারটি চালু করার জন্যে এলাকাবাসী দাবি জানিয়েছেন। বাঞ্ছারামপুর থেকে ফয়সল আহমেদ।